File No.DCRT-11099/78/2021-SEC(DCRT)-DCRT

গত একবছর ধরে আমরা Covid অতিমারীর প্রকোপ থেকে আমাদের হোমগুলিকে সফলভাবেই সুরক্ষিত রাখতে পেরেছি। অতি সম্প্রতি Covid অতিমারীর সংক্রমণে আবার বাড়তে থাকায় কতগুলি সাবধানতা অবলম্বন করা দরকার –

- ১) নতুন কোনো শিশু শিশুআবাসে এলে সম্ভব হলে Covid পরীক্ষা করান ও Positive Report পেলে হাসপাতালে যোগাযোগ করুন। প্রয়োজনে ডাক্তারের পরামর্শ নিন। Covid negative হলেও নতুন আবাসিক অতি অবশ্যই ১৪ দিন আলাদা থাকবে।
- ২) ইতিমধ্যে সব শিশু আবাসেই একটি ঘর isolation room হিসাবে চিহ্নিত করা আছে যেখানে নতুন আবাসিক রা ১৪ দিন আলাদা থাকে। এই ব্যবস্থা যেন কঠোর ভাবে মানা হয়। যারা আলাদা থাকছে তাদের থালা বাসন ও যেন আলাদা থাকে। অবশ্যই তার সঙ্গে দূরত্ব মেনে প্রতিদিন কথা বলা দরকার যাতে সে মানসিক ভাবে বিপর্যস্ত না হয়ে পড়ে।
- ৩) প্রয়োজন ছাড়া বাইরের কোনো ব্যক্তিকে শিশু আবাসে ঢুকতে দেওয়া যাবে না। একান্ত প্রয়োজনে দূরত্ব বিধি মেনে দেখা করানো যেতে পারে এবং সেক্ষেত্রে মাস্ক পরা ও Sanitization বাধ্যতামূলক। যারা বাইরে থেকে আসবেন তাদের শরীরের তাপমাত্রা যেন দেখা হয় এবং যদি তাপমাত্রা ৯৮.৫ ডিগ্রী ফারেনহাইট এর বেশী হয় বা যদি জ্বর, সর্দিকাশি ধরণের উপসর্গ থাকে তাকে ঢুকতে দেওয়া যাবেনা।
- 8) PWD অথবা বাইরের কর্মরত ব্যাক্তিরা যেন Covid নিয়মাবলী মেনে চলে এবং দৈনিক কাজ শেষ করে যাওয়ার পর ভালো করে Sanitization আব্যশক। কোনোরকম অসুস্থতা দেখা গেলে সঙ্গে ডাক্তারের পরামর্শ নিন। জ্বর, কাশি বা শ্বাস কষ্টের উপসর্গ থাকলে শিশু আবাসে আসবেন না।
- ৫) শিশু আবাসিকদের ঘরের জুতো ও বাইরের জুতো আলাদা রাখতে হবে। বাইরের জুতো ভেতরে ঢোকানো যাবেনা।
- ৬) শিশু আবাসিকেরা যাতে চোখে মুখে হাত না দেয় সেদিকে লক্ষ্য রাখা দরকার এবং নিয়মিত হাত ও মুখ ভালোভাবে সাবান দিয়ে ধোয়া প্রয়োজন। খাবার আগে সকলে যেন ভাল ভাবে সাবান দিয়ে হাত ধোয়।

File No.DCRT-11099/78/2021-SEC(DCRT)-DCRT

- ৭) একদম ছোট শিশু দের কাছে যারা যাবেন তারা ভালো করে হাত ধুয়ে নেবেন ও স্বাস্থ্যবিধি মেনে চলবেন।
- ৮) পর্যাপ্ত পরিমাণে Liquid Soap রাখতে হবে এবং আবাসিক ও কর্মীদের স্বাস্থ্যবিধি মেনে ধুতে হবে।
- ৯) প্রত্যেক শিশুর যেনো আলাদা সাবান, তোয়ালে, জলের বোতল ইত্যাদি থাকে। একজনের ব্যবহার করা জিনিস অন্যেরা ব্যবহার করবে না।
- ১০) যারা স্কুলে যাচ্ছে বা কোনো কারণে বাইরে যাচ্ছে , বাইরে থেকে ফেরার পর জামাকাপড় ভালভাবে সাবান দিয়ে ধুতে হবে, নিজেদের হাত, পা ভাল ভাবে ধুয়ে জামাকাপড় ছেড়ে তারা যেন Dormitory তে অন্যদের কাছে যায়। বাইরে বের হলে মাস্ক বাধ্যতামূলক।
- ১১) সম্পূর্ন শিশু আবাস টি পরিস্কার পরিচ্ছন্ন থাকে তার জন্য বিশেষ ভাবে নজর দিতে হবে।
- ১২) আবাসিক দের সঙ্গে যত বেশী সম্ভব কথা বলুন, তাদের মনের আশঙ্কা , ভয় দূর করতে আমাদের আর বেশী সক্রিয় হতে হবে।

Digitally signed by NILANJANA DASGUPTA Date:Thu Apr 01 14:18:43 IST

2021

Reason: Approved